গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Website: www.blcollege.edu.bd
ফোন: +৮৮০২৪৭৭৭০২৯
e-mail: infoblcollege@gmail.com

## ২০২৩ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

**বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণের সুযোগ নেই।**

অনলাইনে পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বেই ছাত্র-ছাত্রীকে স্ব স্ব বিভাগ হতে পরিচয়পত্র ও সেমিনার রশিদ দেখিয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/honours থেকে A4 Size কাগজে প্রিন্ট করে নিতে হবে।

**নিয়মিত (সকল বিষয়) শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা দিবেঃ ২১.০৫.২০২৪ হতে ০৯.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত (অনলাইন আবেদন ফরমের সাথে অনলাইনে পেমেন্ট রশিদের মূলকপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।)**

**নিয়মিত (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) পরীক্ষার্থীদের ফিসাদি (অনলাইনের ফিসহ):**

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ২১০০/-।
পদার্থবিদ্যা = ৩১০০/=, রসায়ন= ২৯০০/=, উদ্ভিদবিদ্যা = ৩৩০০/=, প্রাণিবিদ্যা=৩০৫০/=, মনোবিজ্ঞান=২৫০০/=,
ভূগোল (বিজ্ঞান ৩টি ব্যবহারিক)= ৩৩৭৫/=, ভূগোল (মানবিক ১টি ব্যবহারিক)= ২৮২৫/=, পরিসংখ্যান = ৩০৫০/=, গণিত = ২৯৫০/=

**নিয়মিত শিক্ষার্থীদের পরীক্ষার ফিস সোনালী ই-সেবা পে-স্লিপের মাধ্যমে জমা হবে।**

নিয়মিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ এর পরীক্ষার্থীরা **"Sonali eSheba"** মোবাইল অ্যাপের **"National University Fees"** মেন্যু থেকে **'Form Fill-up'** সিলেক্ট করে অথবা **https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp** লিংকে প্রবেশ করে **'Honours'** সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ২০.০৫.২০২৪ হতে ০৯.০৬.২০২৪ তারিখ পর্যন্ত ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত **Payment Slip** সংগ্রহ করতে হবে।

**অনিয়মিত, অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন (সকল বিষয়) ২০.০৫.২০২৪ হতে ০৯.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগ হতে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে বেতনের বইয়ের মাধ্যমে প্রশাসনিক ভবনে জমা দিতে হবে)**

**অনিয়মিত (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২, ২০২০-২০২১, ২০১৯-২০২০) যারা আদৌ পরীক্ষার ফরম পূরণ করেনি তাদেরকে বিভাগ থেকে সেমিনার রশিদ কেটে সেই সকল পরীক্ষার্থীদের ফিসাদি (অনলাইন ফিস বাদে):**

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ২৪৩৩/-।
পদার্থবিদ্যা, পরিসংখ্যান = ২৭৩৩/=, রসায়ন, মনোবিজ্ঞান, গণিত = ২৫৮৩/=, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা = ২৮৮৩/=
ভূগোল (বিজ্ঞান ৩টি ব্যবহারিক)= ২৯৫৮/=, ভূগোল (মানবিক ১টি ব্যবহারিক)= ২৬৫৮/=

**বিজ্ঞান বিষয়ের অকৃতকার্য:** পদার্থবিদ্যা (৯পত্র হলে)- ৮০০/=, রসায়ন (৯পত্র হলে)- ৬৫০/=,
উদ্ভিদ (৯পত্র হলে)-৯৫০/=, প্রাণি (৮পত্র হলে)- ৯৫০/= , গণিত (৯পত্র হলে- ৬৫০/= টাকা, মনোবিজ্ঞান (৭পত্র হলে)-৬৫০/=, ভূগোল (৯পত্র হলে)- ১০২৫/=,
ভূগোল (৮পত্র হলে)- ৭২৫/=, পরিসংখ্যান (৯পত্র হলে)-৮০০/-।

**অকৃতকার্য ও গ্রেড উন্নয়নঃ অনলাইনের টাকা বাদে কলেজের প্রাপ্যঃ (কেন্দ্র ফিস- ৪৫০/- + ব্যবস্থাপনা ফিস= ৫০/-) মোট ৫০০/= টাকা মাত্র।**
**বিজ্ঞান বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের ব্যবহারিক পত্র থাকলে ব্যবহারিক পরীক্ষার নির্ধারিত ফিস স্ব স্ব বিভাগে ব্যবহারিক পরীক্ষার সময়ে জমা দিতে হবে।**

**নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতাঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২৩ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতাঃ**

যে সকল শিক্ষার্থী ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পুর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের ১ম বর্ষ অনার্সে প্রথম বারের মতো পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি পত্রে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে হবে। **তাদেরকে অনলাইন ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।**

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের যোগ্যতাঃ**

* ২০২২ সালের ১ম বর্ষ অনার্সে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম বারের মতো পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে ২০২৩ সালের ১ম বর্ষ অনার্স গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সর্বোচ্চ ২টি পত্রে।
* যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২৩ সালের পরীক্ষায় F গ্রেড কোর্স ও কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
* সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন $B^+$ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
* ২০২২ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে (N=Absent) ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অকৃতকার্য কোনো ছাত্র-ছাত্রীর ব্যবহারিক পরীক্ষার কোড থাকলে তার ব্যবহারিক ফিসের অর্থ ব্যবহারিক পরীক্ষার সময় স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
* ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/= টাকা ও কেন্দ্র ফি বাবদ ৫০০/= টাকা প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না এবং কোনো শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোনো অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। ব্যবহারিক পত্র থাকলে তার ফিস স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি ও অন্যান্য ফিস অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী ১,০০০/= টাকা জমা দিতে হবে। এ সকল শিক্ষার্থীদের অনলাইন ফিস বাদে কেন্দ্র ফিস বাবদ ৫০০/= টাকা কলেজ অফিসে জমা দিতে হবে।

*** ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।**

**পাঠ্যসুচিঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।**

**পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ**

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে অনলাইনে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।
(খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
(গ) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মূল পেমেন্ট স্লিপ জমা দিতে হবে। অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্র ও অনলাইন ফলাফল সিটের কপি জমা দিতে হবে।
(ঘ) এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির নিচে রেজিস্ট্রেশন নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

১০.০৬.২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিস থেকে অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার আবেদন ফরম গ্রহণ করে ১১.০৬.২০২৪ তারিখের মধ্যে অনলাইনে ডাটা এন্ট্রি করে বিবরণী বিভাগীয় প্রধান স্বাক্ষর করে স্ব স্ব বিভাগে সংরক্ষণ করবে। অনলাইনে ডাটা এন্ট্রির শেষ তারিখ ১১.০৬.২০২৪ খ্রি. রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত।

16.5-2024

এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট **www.blcollege.edu.bd** এ পাওয়া যাবে।

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

১৬.৫.২০২৪

# ২০২৩ সালের ১ম বর্ষ অনার্স নিয়মিত (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) পরীক্ষার ফিসের বিস্তারিত বিবরণ

| ক্রমিক নং | বিষয় | পত্র সংখ্যা | | ব্যবহারিক পত্র সংখ্যা | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি | | | | কলেজের অংশ | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্ন | অর্ধ | | পত্র ফি | ইনকোর্স | ব্যবহারিক | মোট | কেন্দ্র ফিস | ইনকোর্স ফিস | ব্যবস্থাপনা | ব্যবহারিক | |
| ০১। | বাংলা | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০২। | ইংরেজি | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৩। | রাষ্ট্রবিজ্ঞান | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৪। | সমাজবিজ্ঞান | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৫। | অর্থনীতি | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৬। | সমাজ কর্ম | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৭। | ইতিহাস | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৮। | ইসঃ ইতিহাস | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ০৯। | দর্শন | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ১০। | মার্কেটিং | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ১১। | ফিন্যান্স | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ১২। | হিসাববিজ্ঞান | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ১৩। | ব্যবস্থাপনা | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ | ২১০০.০০ |
| ১৪। | পদার্থবিদ্যা | ৬ | ১ | ২ | ১৭০০.০০ | ১০০.০০ | ৫০০.০০ | ২৩০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ৩০০.০০ | ৩১০০.০০ |
| ১৫। | রসায়ন বিদ্যা | ৬ | ২ | ১ | ১৯০০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ২২৫০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ১৫০.০০ | ২৯০০.০০ |
| ১৬। | উদ্ভিদবিদ্যা | ৬ | | ৩ | ১৫০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৩৫০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৫০.০০ | ৩৩০০.০০ |
| ১৭। | প্রাণিবিদ্যা | ৫ | | ৩ | ১২৫০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২১০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৫০.০০ | ৩০৫০.০০ |
| ১৮। | গণিত | ৭ | ১ | ১ | ১৯৫০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ২৩০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ১৫০.০০ | ২৯৫০.০০ |
| ১৯। | মনোবিজ্ঞান | ৬ | | ১ | ১৫০০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ১৮৫০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ১৫০.০০ | ২৫০০.০০ |
| ২০। | ভূগোল (বিজ্ঞান) | ৬ | | ৩ | ১৫০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৩৫০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ৫২৫.০০ | ৩৩৭৫.০০ |
| ২১। | ভূগোল (মানবিক) | ৭ | | ১ | ১৭৫০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ২১০০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ২২৫.০০ | ২৮২৫.০০ |
| ২২। | পরিসংখ্যান | ৫ | ২ | ২ | ১৬৫০.০০ | ১০০.০০ | ৫০০.০০ | ২২৫০.০০ | ৪৫০.০০ | ০.০০ | ৫০.০০ | ৩০০.০০ | ৩০৫০.০০ |

১৬.৫.২০২৪
২১.৫.২০২৪

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

F:\Brajalal College, Khulna\Cash Dept File\Account File\2023 1st Year Hons. Fess Description 16052024.doc

Sreeus 16/5/2024

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর।

Website : www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/৫৭৫৭

তারিখ ঃ ৩০ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

# ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সংশোধিত বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রেরণের (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম On-Line এ ১২/০৫/২০২৪ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। ফরমপূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্রঃ নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র/ ডকুমেন্টস সংরক্ষণ সম্পর্কিত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- | | | | |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- | | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | | | |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>i) কলেজের অংশ ১৫০/- টাকা<br>ii) কেন্দ্রের অংশ ৩০০/- টাকা | ৪৫০/- | ১২/০৫/২০২৪ রবিবার থেকে ০৯/০৬/২০২৪ রবিবার | ১০/০৬/২০২৪ সোমবার থেকে ১১/০৬/২০২৪ মঙ্গলবার রাত ১১:৫৯ মি. পর্যন্ত | ১২/০৬/২০২৪ বুধবার থেকে ১৩/০৬/২০২৪ বৃহস্পতিবার বিকাল ৪:০০টা পর্যন্ত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী, প্রতি পত্র) কলেজে জমা হবে | ১৫০/- | | | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/ মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |
| ০৮ | ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের সর্বমোট ফি | ৫০০০/- | | | | |
| ০৯ | C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভূক্তি ফি<br>(অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | ১০০০/- | | | | |

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (ems.nu.ac.bd www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২৩ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৯-২০২০,২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহন করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C'' বা "D'' গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি পত্রে এবং "F'' গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

### গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২২ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি পত্রে ।

যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০,২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D'' গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

### ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

**২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরমপূরণ / পরীক্ষায় অংশগ্রহণ / অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।**

০৩. **পাঠ্যসূচি ঃ**

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

০৪. **পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লেখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. **কলেজের জন্য করণীয় ঃ**

যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours)-এ রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-Line-এ এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-Line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

নিশ্চয়ন সম্পন্ন হলে On-Line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

প্রত্যেক পরীক্ষার্থীর প্রবেশপত্র সংগ্রহের পর পাসপোর্ট সাইজের ছবির নির্ধারিত স্থানে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

১ম বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েব সাইটে College Log-in-এ প্রবেশ করে আবেদন নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন এবং আবেদন কলেজে সংরক্ষণ করবেন। Log-in-এর জন্য ওয়েব সাইটের College Profile বা কলেজ মেইল থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।

**<u>পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার, ইনকোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।</u>**

**<u>বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।</u>**

**০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/)-থেকে ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

সংশ্লিষ্ট কলেজ www.nubd.info/honours অথবা 103.113.200.36/PAMS/Default.aspx ওয়েবসাইট থেকে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে শেষ তারিখের মধ্যে জমা রশিদ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

Pay Slip সংগ্রহের জন্য ১২/০৬/২০২৪ তারিখ থেকে ১৩/০৬/২০২৪ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত সোনালী সেবার Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতিত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৭. EMS সফটওয়্যার থেকে ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে নিম্নোক্ত কোন নাম্বার সমূহে যোগাযোগ করা যেতে পারে-

১. মোঃ মেহেদী হাসান, মোবাইলঃ ০১৬৭৬২২৭০১৯
২. মোস্তাদিরুল ইসলাম রাজু, মোবাইলঃ ০১৬০৯৬০৫৪৯৪
৩. মোঃ ইব্রাহীম খন্দকার, মোবাইলঃ ০১৭১০৬৫৯০৬৮

**০৮. বিবরণী ফরম জমা সংক্রান্ত ঃ**

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন।

**০৯. পরীক্ষা পরিচালনা ঃ**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কলেজে জমা থাকবে যা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমন ঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিনশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রের সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।

**১০. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

শিক্ষার্থীদের ফরমপূরণের সময় Software-এর মাধ্যমে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২, শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-Line এ প্রেরণ করতে হবে এবং এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**১১. ব্যবহারিক পরীক্ষা ঃ**

ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে ওয়েব সাইটে জানানো হবে।

১২. **ফলাফল ঃ** এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

**১৩. প্রমোশন ঃ**

ক) গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং BSc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ০৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

খ) ০১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

বিস্তৃত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লেখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ০২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

আবেদন শুরুর দিন থেকেই নিশ্চয়ন শুরু করা যাবে। কলেজ কর্তৃপক্ষকে প্রথম দিন থেকে নিশ্চয়ন শুরু করার জন্য বলা হলো।

Mesbah uddin 09.05.24

(মেজবাহ্ উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/৫৭৫৩

তারিখ ঃ ২৩ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (এ বিজ্ঞপ্তিটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১১। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১৩। অফিস কপি।

০৭.০৫.২৪

(মোঃ মামুনুর রশিদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
অনার্স ১ম বর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।